

বিঃ দ্রঃ - কঠিন
Samy
২০/৬/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৪৯২.২৩. ২৬৭

তারিখ: ০৫ জুলাই ১৪৩০
২০ জুন ২০২৩

প্রজ্ঞাপন

জনাব শাহ মোহাম্মদ শহিদুল ইসলাম, সহকারী ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চরভদ্রাসন, ফরিদপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) উপবিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে ১২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি: তারিখে বিভাগীয় মামলা (বিমা-১০/২৩/৯২) রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৫.০৩.২০২৩ খ্রি: তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ০৯.০৪.২০২৩ খ্রি: তারিখে তার ব্যক্তিগত গুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত গুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত ২০১৭, ২০১৯ ও ২০২০ সালের ০৬ প্রস্থ বার্ষিক গোপনীয় প্রতিবেদনে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার মন্তব্য ও স্বাক্ষর দেয়ার ঘরে তিনি নিজে স্বাক্ষর করেছেন ও প্রতিস্বাক্ষরকারীর সিল মোহর ব্যবহার করেছেন মর্মে অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে, যা অসদাচরণের পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। বার্ষিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব শাহ মোহাম্মদ শহিদুল ইসলাম, সহকারী ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চরভদ্রাসন, ফরিদপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২)(ঘ) উপবিধি মোতাবেক "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" অর্থাৎ তার মূল বেতন ৩৭৬৮০/- হতে ৩৫৮৮০/- টাকায় অবনমিতকরণ দণ্ড প্রদান করা হলো। তার বেতন ৩৫৮৮০/- টাকায় নির্ধারণ করতে হবে। এ দণ্ডদেশ পরবর্তী ০১ বছর পর্যন্ত বলবৎ থাকবে। বেতন অবনমিতকাল বার্ষিক বেতন বৃদ্ধিকাল হিসেবে গণনা করা হবে না এবং স্থগিতকৃত বেতন ভবিষ্যতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

শাহ রেজওয়ান হায়াত
মহাপরিচালক (গ্রেড-১)

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৪৯২.২৩. ২৬৭/১৬

তারিখ: ০৫ জুলাই ১৪৩০
২০ জুন ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব (প্রশাসন-১)
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. উপপরিচালক (তদন্ত ও শৃঙ্খলা/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
৬. সুপারিনটেনডেন্ট, ফরিদপুর পিটিআই, ফরিদপুর।
৭. শেখ সাইদুর রহমান, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর।
৯. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চরভদ্রাসন, ফরিদপুর।
১০. জনাব শাহ মোহাম্মদ শহিদুল ইসলাম, সহকারী ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চরভদ্রাসন, ফরিদপুর।
১১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. অতিরিক্ত মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. সংরক্ষণ নথি।

১৩৬৭২৪
২০/০৬/২৩

কর্তৃপক্ষ
১৩/৬